# যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ যাদু প্রতিরোধের উপায়

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

যাদু প্রতিরোধের উপায়

যে সমাজে যাদু দ্বারা মানুষের ক্ষতি সাধন করা হয় এবং যাদুর প্রাদুর্ভাব বেশি, বিশেষ করে নব দম্পতির জন্য সেখানে পূর্বেই এর বিপদ থেকে রেহাই পাওয়ার যে সব করণীয় বিষয় আছে তা এখানে বর্ণনা করা হবে। এক্ষেত্রে এক বিশেষ প্রশ্নের গুরুত্ব রাখেঃ নব দম্পতির জন্য কি যাদু প্রতিরোধের কোন উপায় রয়েছে, যার ফলে যদিও তাদের জন্য যাদু করা হয়; কিন্তু তাতে তাদের কোন ক্ষতি হবে না? উত্তরঃ হ্যাঁ অবশ্যই উপায় রয়েছে, যা অচিরেই বর্ণনা করব ইনশাআল্লাহ! কিন্তু তার পূর্বে পাঠকদের জন্য এ ঘটনাটি বর্ণনা করা ভালো মনে করি ।

এক পরহেযগার যুবকের ঘটনা। সে একজন খতীব ও দায়ী, তার গ্রামে ছিল এক যাদুকর। যে মানুষকে যাদুর ভয় দেখিয়ে অর্থ লুটে নিত। গ্রামের যারা বিয়ে করতো বা করাতো তারা সবাই তাকে বিয়ের পূর্বেই টাকা-পয়সা দিয়ে তাকে সন্তুষ্ট রাখত। সে যেন স্বামী-স্ত্রীর মিলনে বাধা সৃষ্টিকারী যাদুর মাধ্যমে ক্ষতি না করে।

আর এই পর্যহেগার যুবক এই যাদুকরের বিরুদ্ধে খুতবায় ও স্থানে স্থানে মানুষকে বলত এবং যাদুকরের কাছে যেতে নিষেধ করত। আর সে ছিল অবিবাহিত, এখন সে বিয়ে করার সিদ্ধান্ত নিল; কিন্তু তার মনে ভয় যাদুকর হয়ত তাকে যাদু করবে। আর গ্রামের লোকজনও তার বিষয়ে আশঙ্কা করছিল। শেষ পর্যন্ত সেই যুবক আমার কাছে এসে তার ঘটনা ও পরিস্থিতি বর্ণনা করল। বলল যে, যাদুকর তাকে ভয় দেখিয়েছে এখন কার জয় হবে গ্রামের মানুষ তার দেখার অপেক্ষায় আছে। আপনি আমাকে কি যাদুর প্রভাব থেকে রক্ষার জন্যে কিছু বলতে পারেন?

যাদুকর আমাকে শক্তিশালী যাদু করবে এবং আপ্রাণ চেষ্টা করবে আমার ক্ষতি করতে। কেননা আমি প্রকাশ্যে তাকে অপমান করেছি। আমি বললাম হ্যাঁ আমি অবশ্যই আপনাকে সাহায্য করব, তবে শর্ত হল যে, আপনি যাদুকরকে জানিয়ে দিবেন যে, আমি অমুক তারিখে বিয়ে করতে যাচ্ছি। আর আমি তোমাকে চ্যালেঞ্জ করছি, তুমি যা ইচ্ছা তাই কর এমনকি সকল যাদুকরকে একত্রিত করে যাদু কর । আমার কোন ক্ষতি করতে পারবে না ইনশাআল্লাহ।

যুবক আমার কথায় সামান্য দ্বিধাগ্রস্ত হল এরপর বলল, আপনি কি পূর্ণ আত্মবিশ্বাস নিয়ে বলছেন? আমি বললাম হ্যাঁ অবশ্যই বিজয় ও সফলতা কেবল মু'মিনদের জন্যে আর লাঞ্ছনা ও অবমাননা অপরাধীদের প্রাপ্য ।

অতঃপর বাস্তবে তাই হল যুবক আমার কথা মত চ্যালেঞ্জ করে। আর সেই কঠিন দিনের অপেক্ষা লোকজন করতে থাকে। আমি যুবককে যাদু থেকে রক্ষার জন্যে কিছু আমল বলে দিলাম, যা নিম্নে বর্ণনা করব । এরপর যুবক বিয়ে করে বাসর রাত অতিক্রম করে। আর তা সফলভাবে সম্পন্ন হয়। আর যাদুকর বিফল ও অপদস্থ হয়। এরপর সবার কাছে যুবক সম্মানের পাত্র এবং যাদুকর লোকজনের দৃষ্টিতে অসম্মানিত হয়। আল্লাহু আকবার, তারই সকল প্রশংসা, বিজয় তো এক আল্লাহর পক্ষ হতেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন